



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/০৭/ঢাকা/ ৫০৬২

তারিখ: ২৪/০৭/২৪

বিষয় : অবহিতকরণ প্রসঙ্গে।

- সূত্র : ১। সাবেক প্রধান শিক্ষক কর্তৃক গত ১৩/১০/২০২৩ তারিখে দাখিলকৃত অভিযোগ।
 ২। বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং- ঢাশিবো/বি/০৭/২০১৮; তাং- ১৬/১০/২০২৪।
 ৩। জেলা শিক্ষা অফিসার, ঢাকা কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং- জেসিঅ/ঢা/৫৭১৬; তাং- ৩১/০১/২০২৪। ৪।
 উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাভার, ঢাকা কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং- উমাশিঅ/সাভার/ঢাকা/৩৬০।
 ৫। বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং- ঢাশিবো/বি/০৭/২১৯৬; তাং- ২৮/০৪/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, প্রধান শিক্ষক জনাব এস কে ইনামুল বসার 'বিকেএসপি পাবলিক স্কুল এন্ড কলেজ'-এর প্রধান শিক্ষক এর পদ হতে স্বেচ্ছায় ইস্তফা দিয়েছেন এবং যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন দাখিল করেছেন। সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লিখিত ঢাকা জেলার সাভার উপজেলাধীন 'বিকেএসপি পাবলিক স্কুল এন্ড কলেজ'-এর অধ্যক্ষ নিয়োগসংক্রান্ত ও সার্বিক বিষয়ে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য সূত্রোক্ত (২) নং ক্রমিকে উল্লিখিত স্মারকমূলে পত্র ইস্যু করা হয়। বোর্ড কর্তৃক ইস্যুকৃত উক্ত পত্রের আদেশ মোতাবেক, জেলা শিক্ষা অফিসার, ঢাকা, সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লিখিত আনীত অভিযোগের বিষয়ে সূত্রোক্ত (৩) নং ও (৪) নং ক্রমিকে উল্লিখিত স্মারকমূলে তদন্ত প্রতিবেদন বোর্ডে দাখিল করেছেন। তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী সূত্রোক্ত (৫) নং ক্রমিকের স্মারকমূলে চূড়ান্ত বরখাস্তকরণ অনুমোদনের বিষয়ে ম্যানেজিং কমিটি প্রবিধিমালা ২০০৯ এর প্রবিধি ৪১(২) ঘ(২) মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করে পত্র দেয়া হলে তার জবাবে প্রতিষ্ঠানের সভাপতির প্রতিস্বাক্ষরে অধ্যক্ষ তাঁর জবাবে উল্লেখ করেছেন, সাবেক প্রধান শিক্ষক জনাব এস কে ইনামুল বসার পারিবারিক ও স্বাস্থ্যগত কারণে ইস্তফাপত্র দাখিল করেছেন যা পরিচালনা পর্ষদ কর্তৃক গ্রহণ ও অনুমোদিত হয়। ফলে সূত্রোক্ত (৫) নং ক্রমিকের স্মারকমূলে বোর্ড কর্তৃক প্রেরিত পত্রে উল্লিখিত 'বরখাস্তকরণ' সংক্রান্ত তথ্যটি সঠিক নয় বিধায় অত্র প্রতিষ্ঠান কর্তৃক এ বিষয়ে কোন কার্যক্রম গ্রহণের অবকাশ নেই।

বিষয়টি আপনাকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক: জনাব এস কে ইনামুল বসার
 প্রধান শিক্ষক (বরখাস্তকৃত)
 বিকেএসপি পাবলিক স্কুল এন্ড কলেজ
 পো: জিরানী, উপজেলা: সাভার
 ঢাকা।

মেমো নং- ৫০৬২ (৭)

তারিখ: ২৪/০৭/২৪

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৪। সভাপতি, বিকেএসপি পাবলিক স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, বিকেএসপি পাবলিক স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা।
- ৬। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

২২/০৬/২০২৪